যুগান্তর

তারিখ 02 JAN 2016
পৃষ্ঠা ২ কলাম ২

# বুয়েটে সাবেক শিক্ষার্থীদের মিলনমেলা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

গান, গল্প, আড্ডা, স্মৃতিচারণসহ নানা আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সাবেক শিক্ষার্থীদের পুনর্মিলনী। শুক্রবার সকাল থেকে সন্ধ্যা অবধি বুয়েট খেলার মাঠে চলে অনুষ্ঠান। বুয়েট অ্যালামনাই অনুষ্ঠানের আয়োজন করে। সকাল থেকেই বুয়েটের সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা অনুষ্ঠানস্থলে আসতে থকেন। দুপুর ১২টার দিকে পুরো এলাকা মেতে ওঠে সাবেক শিক্ষার্থীদের পদচারণায়। অনেকেই হাজির হন পরিবারের সদস্যদের নিয়ে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে কেক কাটা হয়। পরে আমন্ত্রিত অতিথিরা বেলুন উড়িয়ে দিনব্যাপী গ্র্যান্ড রিইউনিয়নের উদ্বোধন করেন। এরপর শুরু হয় ক্রীড়া অনুষ্ঠান। সন্ধ্যায় জনপ্রিয় ব্যান্ড 'জলের গানে'র পরিবেশনার মধ্য দিয়ে শেষ হয় দিনব্যাপী অনুষ্ঠান।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বুয়েটের সাবেক ভিসি অধ্যাপক ড. ইকবাল মাহমুদ। বুয়েট অ্যালামনাইয়ের সভাপতি অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, প্রকৌশলী ইমাম উদ্দিন চৌধুরী, বুয়েট অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক প্রকৌশলী ড. সাদিকুল ইসলাম ভূঁইয়া। স্বাগত বক্তব্য দেন বুয়েটের ছাত্রকল্যাণ পরিদফতরের পরিচালক ও বুয়েট অ্যালামনাইয়ের সমন্বয়ক অধ্যাপক ড. দেলোয়ার হোসেন। সবশেষে ধন্যবাদ জ্ঞাপন করেন গ্র্যান্ড রিইউনিয়ন কমিটির আহ্বায়ক প্রকৌশলী মুনিরুদ্দিন আহমেদ। অধ্যাপক ড. ইকবাল মাহমুদ স্মৃতিচারণ করেন, আমাদের স্বপ্ন দেখতে হবে। স্বপ্ন মানুষকে উন্নতি, অগ্রগতি ও আবিষ্কারের দিকে নিয়ে যায়। অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, বুয়েটের গুণগত মান নিয়ে কোনো সন্দেহ নেই।

তথ্যমন্ত্রী বুয়েটের সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের আরও সামনে এগিয়ে যাওয়ার স্বপ্ন দেখার আহ্বান জানান।